গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮-১৩৩

তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৫ / ১৮ এপ্রিল ২০১৮

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৮ এপ্রিল, ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামী ০৩-০৫-২০১৮ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

১৫.০৪.১৮
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১২। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের মার্চ ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময়ঃ | ০৮ এপ্রিল, ২০১৮, বেলা- ১১.০০ টায় |
| স্থানঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ফেব্রুয়ারি' ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ১ | গত সভার (ফেব্রুয়ারি, ২০১৮) কার্যবিবরণী নিশ্চিতকরণ | ফেব্রুয়ারি, ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। | |

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | **ই- টেন্ডারিং :**<br>**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** চলতি অর্থ বছর হতে ক্রয় কার্যক্রমে ই-টেন্ডারিং পদ্ধতি চালু করা হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** ই-টেন্ডারিং এর মাধ্যমে সরকারি ক্রয়ের বিষয়ে ই-জিপিতে রেজিস্ট্রেশন হয়েছে । অধিদপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং চলতি অর্থবছরে ক্রয় পরিকল্পনা অনুযায়ী ই-টেন্ডারিং এর মাধ্যমে পণ্যসামগ্রী ক্রয় করা হবে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** বিবেচ্য মাসে ০৪টি পণ্য বা প্যাকেজ ইজিপিতে ক্রয়ের জন্য ই-বিজ্ঞাপন দেয়া হয়েছে।<br>**কারা অধিদপ্তরঃ** পণ্যের ধরণ অনুযায়ী পৃথক পৃথক Package এর মাধ্যমে Tender আহ্বান করা হয়েছে।<br>**সুরক্ষা সেবা বিভাগ :** ০৪টি প্যাকেজের আওতায় Desktop Computer ২৫টি , Laptop ১০টি, Fax Machin ১০টি, Laser Printer ২০টি, Printer ১০টি, Toner ৪০টি, Scanner৩০টি, Photocopier ১২টি এবং Photocopier Toner-২৪টি ই-জিপিতে ক্রয়ের উদ্দেশ্যে ০৪ টি প্যাকেজের টেন্ডার উন্মুক্ত করা হয়েছে। টেন্ডার মূল্যায়ন কমিটির কর্তৃক মূল্যায়নের অপেক্ষাধীন। | • জুন ২০১৮ এর মধ্যে সকল প্রকার ক্রয় কার্যক্রম সম্পন্ন করা;<br>• সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তরে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এ সম্পন্ন করা;<br>• ই-টেন্ডারিং ব্যতীত কোন টেন্ডার আহবান না করা;<br>• উইং প্রধানগণ কর্তৃক সংশ্লিষ্ট অধিদপ্তরে ই-টেন্ডারিং এর মাধ্যমে শতভাগ ক্রয়ের বিষয়টি follow up করা;<br>• ই-টেন্ডারিং এর জন্য প্যাকেজ প্রস্তুতকালে পণ্যের প্রকৃতি অনুযায়ী পৃথক পৃথক প্যাকেজ প্রস্তুত করা;<br>• কত তারিখ থেকে ইজিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে তা উল্লেখপূর্বক কতটি ক্রয় ইজিপিতে সম্পন্ন করা হয়েছে তার সংখ্যা ভিত্তিক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করা।<br>• প্রশাসন ও অর্থ বিভাগ কর্তৃক এ বিভাগের ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পাদনের বিষয়টি নিশ্চিত করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ । |

| | | |
|---|---|---|
| .২ | **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ**<br><br>• ০৯-১০-২০১৭, ১৬-১১-২০১৭ এবং ৩০-০১-২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় স্মরণিকাপত্র দেয়া হয়।<br>• ১৬ নভেম্বর, ২০১৭ এবং ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় স্মরণিকাপত্র দেয়া হয়।<br><br>**বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ**<br><br>• বহিরাগমন-২ শাখা হতে ১৬-১১-১৭ তারিখে মহাপরিচালক, আফ্রিকা, দক্ষিণ এশিয়া, পশ্চিম এশিয়া, আমেরিকাস, পূর্ব ইউরোপ ও সিআইএস, পূর্ব ইউরোপ এবং পশ্চিম ইউরোপ ও ইইউ'তে পত্র প্রেরণ করা হয়েছে। | • চুক্তি স্বাক্ষরের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে ব্যক্তিগত ও পত্র যোগাযোগ অব্যাহত রাখা;<br><br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান(নিরাপত্তা ও বহিরাগমন)। |
| | **জেল কোড সংশোধন :**<br>• কারা অধিদপ্তর মোট ১০টি অধ্যায়ে ১৫২ টি ধারা সন্নিবেশিত করে নতুন কারা আইনের প্রাথমিক খসড়া তৈরি করেছে। প্রাথমিক খসড়ার ১৫২ টি ধারার মধ্যে অদ্যাবধি ৯০ ধারা পর্যন্ত উপকমিটি কর্তৃক পর্যালোচনা সম্পন্ন হয়েছে।<br>**বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | • আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ভেটিং এর বিষয়টি ত্বরান্বিত করা;<br><br>বাস্তবায়নে : কারা অনুবিভাগ। |
| | **নাগরিকত্ব আইন, ২০১৬:** | আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত ভেটিং কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা করা;<br><br>বাস্তবায়নে : কারা অনুবিভাগ। |
| ২.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : | |
| | • সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিতে অর্ন্তভুক্ত মোট ৪১টি সূচকের মধ্যে ০১টি অতি উত্তম, ০১টি উত্তম, ০৪টি চলতি মান এবং ০৩টি সূচকে মান অর্জিত হয়নি। অবশিষ্ট ৩২টি সূচকে অসাধারণ মান অর্জিত হয়েছে। | • বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে নিয়মিত সভা করা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন Follow Up-এ রাখা;<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়ন নিশ্চিতপূর্বক নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রেরণের জন্য জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অতিরিক্ত সচিব(অগ্নি) কর্তৃক আওতাধীন অধিদপ্তরসমূহকে পত্র প্রেরণ করা;<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়নের ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে যথাযথভাবে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করা;<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা।<br><u>বাস্তবায়নে :</u> অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা। |

..৪

**<u>সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি:</u>**

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৬৫ | ৯৫ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : | ১১৮৪ | ১০৭৬ | ১০৮ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : | ১৭০৬ | ১১৭৯ | ৫২৭ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৯২০৩ | ৭৭১৮ | ১৪৮৫ |
| কারা অধিদপ্তর : | ১২১৭৩ | ৯৭৩৪ | ২৪৩৯ |

- শূন্য পদে নিয়োগের ছাড়পত্র প্রদান করার পরপরই নিয়োগবিধি মোতাবেক দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা;
- সুরক্ষা সেবা বিভাগের সহকারী গ্রন্থগারিক পদে কর্মকর্তা নিয়োগের জন্য পিএসসির সুপারিশ প্রাপ্তির জন্য ৩৭তম বিসিএস এর নিয়োগ কার্যক্রম কতদিনের মধ্যে সম্পন্ন হবে তা সৈয়দ বেলাল হোসেন, যুগ্মসচিব(প্রশসান ও অর্থ) কর্তৃক পিএসসিতে যোগাযোগ করে আগামী সভায় উপস্থাপন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিজ্ঞাপিত ২৪২ টি পদে জনবল নিয়োগের কার্যক্রম জুন ২০১৮ এর মধ্যে সম্পন্ন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের শূন্য পদে নিয়োগের অবশিষ্ট পদসংখ্যা নিরূপন করা এবং যে সকল শূন্য পদে নিয়োগবিধি সংক্রান্ত জটিলতার কারণে নিয়োগ দেয়া যাচ্ছে না যে বিষয়ে জনপ্রশাস মন্ত্রণালয়ের মতামত নিয়ে দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ করা;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৬৮১টি শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা;
- যে সকল পদে নিয়োগের জন্য ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে সে সকল পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে অপেক্ষমান তালিকা/প্যানেল প্রস্তুত করে নবনির্মিত ফায়ার স্টেশনসমূহ দ্রুত চালুর লক্ষ্যে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ প্রদানের অনুমতি চেয়ে যৌক্তিকতাসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা, এ ক্ষেত্রে অতিরিক্ত সচিব(অগ্নি) কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে ব্যক্তিগত যোগাযোগ করে সম্মতি প্রাপ্তির বিষয়টি ত্বরান্বিত করা;
- কারা অধিদপ্তর হতে প্রকাশিত বিজ্ঞপ্তির শূন্য পদসমূহে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা।
- মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে পৃথকভাবে ডাক্তার নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দিয়েছেন। এ লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তাব প্রণয়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা;
- বাস্তবায়নে : অনুবিভাগ/অধিদপ্তর প্রধান(সকল)।

২.৫ অডিটঃ

০১। বহিরাগমন ওপাসপোর্ট অধিদপ্তর–মোট আপত্তি ৪৭ টি, এ পর্যন্ত নিস্পত্তি ৩ টি অবশিষ্ট–৪৪ টি।

০২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর–মোট আপত্তি ১৪৬ টি, এ পর্যন্ত নিস্পত্তি ১৩ টি অবশিষ্ট–১৩৩ টি।

০১। কারা অধিদপ্তর–মোট আপত্তি ৩৪১ টি, এ পর্যন্ত নিস্পত্তি ৬৩ টি অবশিষ্ট–২৭৮ টি।

- কোন দপ্তর বা সংস্থায় ব্রডশীট জবাব যেন পেন্ডিং না থাকে তা নিশ্চিত করা;
- কোন আপত্তির সময়মত বস্তুনিষ্ট জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য সথাসময়ে প্রমানকসহ জবাব দেয়া;
- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণিবিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;
- দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, নিস্পত্তির জন্য সুপারিশকৃত অনুচ্ছেদ সংখ্যা, অডিট অধিদপ্তর কর্তৃক নিস্পত্তিকৃত অনুচ্ছেদ সংখ্যা ইত্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;
- অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা কর্তৃক যথাসময়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সকল প্রমাণকসহ কার্যপত্র যথাসময়ে প্রস্তুত

| | | |
|---|---|---|
| | | নিশ্চিত করা;<br>• অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তা অধিদপ্তর এবং অডিট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রতিমাসে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করা;<br>• দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভায় গৃহীত সুপারিশ বাস্তবায়নের জন্য অডিট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখা;<br>• এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপসচিব(বাজেট-২) অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় নির্ধারিত "ছকে" উপস্থাপন করবেন।<br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান/অতিরিক্ত সচিব (বহিরাগমন)/উপসচিব(বাজেট-২) ফোকাল কর্মকর্তা। |
| ২.৬ | পেনশনঃ | |
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মরহুম উপ-পরিদর্শক বেলায়েত হোসেন এর স্ত্রীর অনুকূলে পারিবারিক পেনশন ও অনুতোষিক মঞ্জুর করার নিমিত্ত আলামত সংশ্লিষ্ট মামলাগুলোর সবশেষ অবস্থা, নিষ্পত্তিকৃত মামলাগুলোর আলামতের বিষয়ে বিজ্ঞ আদালতের আদেশ কি ছিল তা জানার জন্য অধিদপ্তরের **০৯ অক্টোবর ২০১৭** তারিখে উপ-পরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকাকে পত্র দেয়া হয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৩টি পেনশন কেইস অনিষ্পন্ন রয়েছে। ০৩ টি অনিষ্পন্ন পেনশন কেইস এর মধ্যে ০১ টিতে অভিভাবক মনোনীত না থাকার কারণে, ০১ টিতে ২য় স্ত্রী থাকায় কোর্ট হতে সাকসেশন সার্টিফিকেট সংগ্রহ করে প্রেরণ না করার কারণে এবং ১টিতে গৃহ নির্মাণ অগ্রিম ও সুদ মওকুফ না হওয়ার কারণে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।<br>**কারা অধিদপ্তরঃ** কারা বিভাগে অবসরপ্রাপ্ত কারা তত্ত্বাবধায়ক জনাব শেখ আবদুল অমিক এর কারা উপ-মহাপরিদর্শক পদে ভূতাপেক্ষ পদোন্নতির কারণে লাম্পগ্র্যান্ট ও আনুতোষিক পুনঃ নির্ধারন করে কারা অধিদপ্তরের পত্র নং১১৯৩(৪) তারিখ ২৭-৮-২০১৭খ্রিঃ এবং ৩০-৪-২০১৭ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। | • পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করা;<br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পরিচালক (প্রশাসন) কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করা;<br>• পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্ত্বাবধান করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ২.৭ | পরিদর্শন :<br>অধিদপ্তরের নাম : বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর- | |

| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনকৃত শাখার নাম |
|---|---|
| মেজর জেনারেল মোঃ মাসুদ রেজওয়ান, মহাপরিচালক | পাসপোর্ট অফিস রংপুর, দিনাজপুর ও নীলফামারি। |
| জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন<br>পরিচালক ,বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও। | |
| জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম খান, উপপরিচালক (অর্থ) | |
| জনাব মোহাম্মদ নজরুল ইসলাম ভূইয়া, এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট | |

অধিদপ্তরের নাম : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর –

| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনকৃত শাখার নাম |
|---|---|
| জনাব সঞ্জয় কুমার চৌধুরী, অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। | জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, মৌলভীবাজার, বরিশাল ও হবিগঞ্জ। |
| জনাব মো : আজিজুল ইসলাম<br>পরিচালক (প্রশাসন) | জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, দিনাজপুর। |

অধিদপ্তরের নাম : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-

| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনকৃত শাখার নাম |
|---|---|
| ব্রিগেডিয়ার জেনারেল আলী আহাম্মেদ খান, পিএসসি (অবঃ)<br>মহাপরিচালক | কালিয়াকৈর ও মির্জাপুর<br>ফায়ার স্টেশন পরিদর্শন। |
| মোঃ দেলওয়ার হায়দার<br>যুগ্মসচিব<br>পরিচালক(প্রশাঃ ও অর্থ) | রাজশাহী,রাজশাহী বিশ্ববিদ্যালয়, নাটোর ফায়ার স্টেশন পরিদর্শন |
| মেজর এ কে এম শাকিল নেওয়াজ<br>পরিচালক(অপাঃ ও মেইনঃ) | চট্টগ্রামের আনোয়ারা ও লামারবাজার ফায়ার স্টেশন এবং চট্টগ্রামের বিভাগীয় কারিগরি কারখানা পরিদর্শন। |

অধিদপ্তরের নাম : কারা অধিদপ্তর-

| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনকৃত শাখার নাম |
|---|---|
| ০০ | ০০ |

সিদ্ধান্তসমূহ :

- প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্প ও অধস্তন দপ্তরসমূহ পরিদর্শন করা;
- চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্দ্ধতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;
- মহাপরিচালক কর্তৃক পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করা;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ।

| | | |
|---|---|---|
| ২.৮ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :** | |
| | **বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে;<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;<br>**কারা অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | • অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রত নিষ্পত্তি করা।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ২.৯ | **প্রশিক্ষণ :**<br>জুলাই ২০১৭ হতে মার্চ ২০১৮ মাস পর্যন্ত অনুষ্ঠিত ইনহাউজ পশিক্ষণের বিবরণ: | |

| বিভাগ/ অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | জন প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ৩ | ০৫ | ০৬ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১ম শ্রেণি | ৮৭ | - | ১৮.৭০ |
| | ২য় শ্রেণি | ৩১ | ১২০ | ১৪.২০ |
| | ৩য় শ্রেণি | ৬৬১ | ২৫২০ | ১৫.১০ |
| | ৪র্থ শ্রেণি | ২৯৭ | - | .৬৫ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১ম শ্রেণি | ৯৮ | ৬৮৮ | ৪০.৬৯ |
| | ২য় শ্রেণি | ১৩৯ | ৯৬ | ৯.৬৬ |
| | ৩য় শ্রেণি | ৬৩৯ | ০০ | ০.৮৮ |
| | ৪র্থ শ্রেণি | ৩৪৩ | ০০ | ০০ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১ম শ্রেণি | ৩৪ | ০০ | ৩২.৯৪ |
| | ২য় শ্রেণি | ৩৯৯ | ২২৮৮ | ৪৪.২২ |
| | ৩য় শ্রেণি | ১৮৭০ | ৫৬৬০ | ৬০.০০ |
| | ৪র্থ শ্রেণি | ৭৭১৯ | ৫৮২৪০ | ৩৫.৪৭ |
| কারা অধিদপ্তর | ১ম শ্রেণি | ১৩১ | ২ | ৪৭ |
| | ২য় শ্রেণি | ১৭৬ | ৩ | ৪৫ |
| | ৩য় শ্রেণি | ৪৩ | ২ | ৪৫ |

সিদ্ধান্তসমূহ :

- ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার নির্ধারিত প্রশিক্ষণ যথাসময়ে সমাপ্ত করা;
- Public Address System, রাষ্ট্রাচার/প্রটোকল APA, NIS, GRS ও Innovation বিষয়ে প্রশিক্ষণ ক্লাসের আয়োজন করা;
- বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রধান নিশ্চিত করার জন্য অতিরিক্ত মহাপরিচালক, জনাব এ টি এম আবু আসাদ-কে দায়িত্ব প্রদান করে পত্র প্রেরণ করা;
- বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ নির্ধারিত সময়ে সমাপ্ত করার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম আরো ত্বরান্বিত করা;
- কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান মোট কর্মকর্তা/কর্মচারীওয়াইজ সভায় উপস্থাপন করা;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ/জনাব শিরীন রুবী,উপসচিব(কারা)

| | | |
|---|---|---|
| ২.১০ | ওয়েবসাইট হালনাগাদকরণ : | • টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-র ১৭টি Goal এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ০১টি Goal অর্জনে লিড ও ০২টিতে এসোসিয়েট মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। উক্ত Goal সমূহ অর্জনের হালনাগাদ অগ্রগতি ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা;<br>• অধিদপ্তরসমূহের ইনোভেশন এবং উত্তম চর্চাসমূহ সময়ে সময়ে ওয়েবসাইটে আপলোড/আপডেট করা;<br>• এ ছাড়া জারীকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;<br>• বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ওয়েব সাইট সমৃদ্ধ করা;<br>• এ বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের ওয়েব সাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয় সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভুইয়া কর্তৃক উপস্থাপন করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভুইয়া, উপসচিব। |
| ২.১১ | ক. ই-ফাইলিং : | |
| | | • সচিবালয় নির্দেশমালা অনুসরণ এবং ই-ফাইলিং এর জন্য প্রযোজ্য নথির ধরন অনুযায়ী নথি খোলা এবং সে অনুযায়ী নথি ব্যবস্থাপনা করা;<br>• অধিদপ্তরসমূহের সাথে আলাপ করে a2i এর সহযোগিতায় জনাব মুহাম্মদ আব্দুল হাই মিল্টন কর্তৃক প্রশিক্ষণের আয়োজন করা;<br>• ই-ফাইলিং পদ্ধতিতে চিঠিপত্র নিষ্পত্তির জন্য সবাইকে আরো যত্নবান হওয়া এবং আন্তরিকতা ও নিষ্ঠার সহিত কাজ করা;<br>• ই-ফাইলিং এর মাধ্যমে পত্র জারী করে নিষ্পত্তি করা;<br>• যুগ্ম সচিব(প্রশাসন) কর্তৃক নিয়মিত ই-ফাইলিং কাজ তদারকি করা।<br>• ই-ফাইলিং এর বিষয়ে মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান (সকল) |
| ২.১১ | খ. সুরক্ষা সেবা বিভাগের নবযোগদানকৃত উপসচিব জনাব হেলাল মাহমুদ শরীফ, সুরক্ষা সেবা বিভাগ এবং অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে দায়িত্ব পালনে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টির লক্ষ্যে নির্দিষ্ট সময়ান্তরে শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচন এবং তাদেরকে পুরস্কৃত করার প্রস্তাব উপস্থাপন করেন।<br>এ বিষয়ে অধিদপ্তর প্রধানসহ উপস্থিত কর্মকর্তাগণের মতামত গ্রহণ করা হয়। | সিদ্ধান্ত : নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়:<br>ক. সৈয়দ বেলাল হোসেন, যুগ্মসচিব(প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ –আহবায়ক।<br>খ. জনাব হেলাল মাহমুদ শরীফ, উপসচিব(অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ –সদস্য।<br>গ. জনাব শহীদ মোহাম্মদ ছাইদুল হক, উপসচিব(সচিবের একান্ত সচিব), সুরক্ষা সেবা বিভাগ – সদস্য।<br>কার্যপরিধি:<br>১. শ্রেষ্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনে মানদন্ড নির্ধারণ করা;<br>২. কমিটি আগামী ২৮-০৮-১৮ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। |

<table>
<tr><td>.১২</td><td>ইনোভেশন ও উত্তম চর্চাঃ</td><td colspan="2">• ইনোভেশন কার্যক্রমের উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন; ইনোভেশন ও শুদ্ধাচার কার্যক্রমের উপর অধিকতর গুরুত্ব দেয়া এবং দৃশ্যমান উন্নতি সাধন করা;<br>• মাসিক সমন্বয় সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা।</td></tr>
<tr><td>২.১৩</td><td colspan="3">মামলাঃ</td></tr>
<tr><td></td><td colspan="2">সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ
<table>
<tr><th>অধিদপ্তরের নাম</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th><th>সর্বশেষ অবস্থা</th></tr>
<tr><td>০৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>টাইটেলস্যুট-০১<br>পারিবারিক ০১<br>এটি মামলা-০৮টি<br>রিট পিটিশন-১৩৮টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>০৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৪২টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৩৫টি<br>লিভ টু আপীল-০২টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>০৪। কারা অধিদপ্তর</td><td>এটি মামলা-৪৪টি<br>এএটি মামলা-৩২টি<br>রিট মামলা-১১টি<br>লিভ টু আপীল-০৮টি<br>রিভিউ ০১টি</td><td>বিচারাধীন</td></tr>
</table></td><td>• প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল এর মামলা, কোর্ট ভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা পরবর্তী সভা থেকে আলাদা কলামে উল্লেখ করা;<br>• আদালতে যেন সরকারি স্বার্থ রক্ষা হয় যে জন্য সকল অধিদপ্তরে আপিল নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা;<br>• বেসরকারিভাবে নিয়োগপ্রাপ্ত আইনজীবীদের মামলার দায়িত্ব প্রদান করা;<br>• বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি ০৫(পাঁচ) জনকে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য ০২ (দুই) জনকে এবং কারা অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে বেসরকারি আইনজীবী হিসেবে নিয়োগ করার জন্য অনুমোদন পাওয়া গেছে। অনুমোদনপ্রাপ্ত প্যানেল আইনজীবীগণের সাথে দ্রুত চুক্তি সম্পাদনের কার্যক্রম সম্পন্ন করা;<br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে অনুমোদনপ্রাপ্ত ০৫(পাঁচ) জনের মধ্যে অবশিষ্ট ০৩ (তিন) জনের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য ব্যক্তিগত যোগাযোগ করা;<br>• মামলায় সরকারী স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;<br>• চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;<br>• তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;<br>• মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;<br>• শাখা ও অধিশাখা কর্তৃক অধিদপ্তরের মামলাসমূহ মনিটরিং করা;<br>• প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে কমপক্ষে ০৩ জন কর্মকর্তাকে এসএফ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ।</td></tr>
<tr><td>২.১৪</td><td colspan="3">বিবিধ :</td></tr>
<tr><td></td><td colspan="2">১৪.১ ভিডিও কনফারেন্স</td><td>১৪.১ প্রত্যেক মাসে একাধিক ভিডিও কনফারেন্স এর আয়োজন করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান।</td></tr>
<tr><td></td><td colspan="2">১৪.২ E-filing, Innovation, NIS, GRS ও APA বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা</td><td>১৪.২ প্রতি সপ্তাহে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক অধিনস্ত কর্মকর্তাগণের সাথে E-filing, Innovation, NIS, GRS ও APA এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা এবং অগ্রগতি প্রতিবেদন "ছক" আকারে এ বিভাগে প্রেরণ করা।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)।</td></tr>
</table>

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।